



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম


সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

২০১৮-১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ৩য় পর্যায়ে (ম্যানুয়ালি) ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮-১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে যে সকল শিক্ষার্থী অদ্যাবধি কোন প্রতিষ্ঠানে ভর্তি হয়নি সে সকল শিক্ষার্থী আসন শূন্য থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত ন্যূনতম GPA শর্ত পূরণ হলে উক্ত কলেজে ভর্তি হতে পারবে। ভর্তির (www.xiclassadmission.gov.bd) ওয়েব সাইট এর College list (Chittagong board) এ হালনাগাদ আসন সংখ্যা, ন্যূনতম GPA ও শূন্য আসন (available seat) প্রদর্শিত হচ্ছে। ম্যানুয়ালি ভর্তির তারিখ ০১/০৮/২০১৮ তারিখ থেকে ১৪/০৮/২০১৮ তারিখ পর্যন্ত।

৩য় পর্যায়ে ভর্তি সংক্রান্ত বিষয়ে প্রতিষ্ঠান প্রধানের প্রতি নির্দেশনা

- ☆ কোন প্রতিষ্ঠান বরাদ্দকৃত ও www.xiclassadmission.gov.bd ওয়েব সাইটে প্রদর্শিত আসনের অতিরিক্ত ছাত্র/ছাত্রী ভর্তি করতে পারবেনা। ভর্তি করলে বোর্ড কর্তৃপক্ষ তাদের রেজিস্ট্রেশনের কোন দায় দায়িত্ব নিবে না এবং উদ্ভূত পরিস্থিতির জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে।
- ☆ কলেজ কর্তৃক বোর্ডকে ম্যানুয়ালি ভর্তি নিশ্চিতকরণের তারিখ ২৬/০৮/২০১৮ তারিখ থেকে ২৮/০৮/২০১৮ তারিখ পর্যন্ত।
- ☆ প্রতি শিক্ষার্থীর জন্য বিভিন্ন খাতে ম্যানুয়ালি ভর্তির মোট ফি ৪৩৫ টাকা বোর্ডে জমা দিতে হবে। ফি সংক্রান্ত বিস্তারিত (www.xiclassadmission.gov.bd) ওয়েব সাইটের নোটিশে রয়েছে।
- ☆ বর্ণিত ফি সংশ্লিষ্ট বোর্ডে সোনালী সেবার মাধ্যমে " একাদশ শ্রেণীতে ম্যানুয়ালি ভর্তি ফি- ২০১৮" খাতে ২৬/০৮/২০১৮ তারিখ থেকে ২৮/০৮/২০১৮ তারিখের মধ্যে জমা দিতে হবে। এ বিষয়ে বিস্তারিত পরবর্তীতে জানানো হবে।
- ☆ বিদেশী কারিকুলাম/ প্রতিষ্ঠান থেকে পাশ করা শিক্ষার্থীদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা থেকে সমতুল্য সার্টিফিকেট পাওয়ার পর উপরোক্ত প্রক্রিয়ায় আসন খালি থাকা সাপেক্ষে ১লা আগস্ট থেকে ১৪ আগস্ট ২০১৮ তারিখে এর মধ্যে ও ভর্তি করতে পারবে এবং ভর্তির পর বোর্ডে ফিসহ প্রামাণ্য কাগজপত্র জমা প্রদান করতে হবে।



(প্রফেসর মো: জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।

মোবাইল : ০১৭১৬-২৭৮৩২৭

web-mail : ic@bise-ctg.gov.bd